বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।
www.bcmcl.org.bd

"বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

**নম্বর:** ২৮.১২.০০০০.০০০.২২১.৩২.০০০২.১৮.১৪১

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩৩
১২ আগস্ট ২০২৬

## বিজ্ঞপ্তি

**বিষয়: বিসিএমসিএল-এর কর্মচারী পদে জনবল নিয়োগের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ।**

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এ আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োজিত জনাব মোঃ সোহেল রানা ও অন্যান্য (মোট ৮৭ জন) কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১২৮৮/২০১৮ এর রায় অনুযায়ী বিসিএমসিএল-এর নিয়োগ বিজ্ঞপ্তি নং-বিসিএমসিএল/০২/৩২/৮৪; তারিখ: ১৮ জানুয়ারি ২০০৯ এর বিপরীতে কর্মচারী পদের নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত পদসমূহে চাকরির জন্য আবেদনকারী গ্রহণযোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর ড. হাবিবুর রহমান অডিটোরিয়াম, পেট্রোসেন্টার, ৩ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫ এ নিম্নবর্ণিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে:

| ক্রমিক নং | পদের নাম | গ্রহণযোগ্য প্রার্থীর সংখ্যা | তারিখ ও বার | সময় |
|---|---|---|---|---|
| ১ | মেডিক্যাল এসিস্ট্যান্ট | ৭ জন | ২১ আগস্ট ২০২৬ শুক্রবার | বেলা ০৩:০০ টা হতে ০৪:০০ টা |
| ২ | কম্পিউটার অপারেটর | ৪ জন | | |
| ৩ | ড্রাইভার | ১২ জন | | |

২। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৩ ও ২৪ আগস্ট ২০২৬ তারিখে কোম্পানির ঢাকাস্থ লিয়াজোঁ অফিস, পেট্রোসেন্টার (১৫ তলা), ৩ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫ এ গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় পরবর্তীতে কোম্পানির ওয়েবসাইটে (https://bcmcl.org.bd/) প্রকাশ করা হবে।

৩। লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাকযোগে প্রার্থীর স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়েছে। কোন প্রার্থী প্রবেশপত্র না পেলে লিখিত পরীক্ষার পূর্বে সম্প্রতি তোলা ১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবিসহ নিম্নস্বাক্ষরকারীর নিকট যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৪। লিখিত ও মৌখিক পরীক্ষার সময় প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৫। মৌখিক পরীক্ষার জন্য পৃথকভাবে কোন ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে। মৌখিক পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ০১ ঘন্টা পূর্বে প্রার্থীদের আবশ্যিকভাবে পরীক্ষাস্থলে রিপোর্ট করতে হবে।

৬। নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং প্রার্থীদের চাকরির আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত দলিলাদির মূলকপি নিমোক্ত ক্রমানুসারে সাজিয়ে এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষা শুরুর কমপক্ষে ১ (এক) ঘন্টা পূর্বে মহাব্যবস্থাপক (প্রশাসন), বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড বরাবরে দাখিল করতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্র;
(খ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(গ) আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র;
(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরিপ্রার্থীর পিতা/মাতা এবং পিতা-মাতার পিতা/মাতা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা হলে, তার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং চাকুরিপ্রার্থী মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

(ছ) প্রাতবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র; এবং
(জ) সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র।

৭। সকল সনদপত্র/রেকর্ডপত্রের ফটোকপি সরকারি/স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৮। কোন ক্ষেত্রে যাচিত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন সময় প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।

৯। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ও দৈনিক ভাতা (TA/DA) প্রদান করা হবে না।

১০। অনিবার্য কারণবশতঃ কর্তৃপক্ষ লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও ভেন্যু পরিবর্তন/স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১২-০৮-২০২৬
মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল ও
আহ্বায়ক, জুনিয়র সিলেকশন কমিটি
ফোন : +৮৮০২৫৮৮৮৭৮৬০৮
ইমেইল : gm_admin@bcmcl.org.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-
১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)।
২। মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-বিজ্ঞপ্তিটি জরুরীভিত্তিতে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৪। ব্যবস্থাপক (আইটি), আইটি ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-বিজ্ঞপ্তিটি জরুরীভিত্তিতে পেট্রোবাংলার ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা অনুরোধসহ।